

## ■■ আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৪৬৪ বদান্যতা, কৃপণতা ও চারিত্রিক দোষ-ক্রটি পরিচ্ছেদঃ ২১৭- নম্রতা প্রদর্শন।

بَابُ الرَّفْق

## আরবী

حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ اللهِ، قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ، عَنْ عَائِشَةَ زَوْجِ النَّبِيِ صلى الله عليه وسلم قَالَتْ: دَخَلَ رَهْطٌ مِنَ الْيَهُودِ عَلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فَقَالُوا: السَّامُ عَلَيْكُمْ، قَالَتْ عَائِشَةُ فَفَهِمْتُهَا عَلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم: مَهْلاً يَا فَقُلْتُ: عَلَيْكُمُ السَّامُ وَاللَّعْنَةُ، قَالَتْ: فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم: مَهْلاً يَا عَائِشَةُ، إِنَّ اللَّهَ يُحِبُّ الرِّفْقَ فِي الأَمْرِ كُلِّهِ، فَقُلْتُ: يَا رَسُولَ اللهِ، أَوَ لَمْ تَسْمَعْ مَا قَالُوا؟ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم: قَدْ قُلْتُ: وَعَلَيْكُمْ.

## বাংলা

৪৬৪। মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রী আয়েশা (রাঃ) বলেন, কয়েকজন ইহুদীর একটি দল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট প্রবেশ করে বললাে, আসসামু আলাইকুম (তােমাদের মৃত্যু হােক)। আয়েশা (রাঃ) বলেন, কথাটা আমি বুঝতে পারলাম এবং বললাম, ওয়া আলাইকুমুস সামু ওয়াল-লানাতু (তােমাদের মৃত্যু হােক এবং অভিসম্পাতও)। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ থামাে হে আয়েশা! আল্লাহ সব ব্যাপারে নম্রতা পছন্দ করেন। আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! তারা কি বলেছে তা আপনি শুনেননি? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আমিও তাে ওয়া আলাইকুম বলেছি -(বুখারী, মুসলিম)।

## **English**

'A'isha, the wife of the Prophet, may Allah bless him and grant him peace, said, "A group of Jews came to the Messenger of Allah, may Allah bless him and grant him peace, and said, "Poison ('sam' instead of 'salam') be upon you." 'A'isha said, "I understood it and said, 'And poison be upon you and the curse of Allah!' The Messenger of Allah, may Allah bless him and grant him peace, 'Easy, 'A'isha! Allah loves compassion in everything.' I said, 'Didn't



you hear what they said?' The Messenger of Allah, may Allah bless him and grant him peace, replied, 'I already said, "and upon you".'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন